# মরিঙ্গা এলএক্স

মরিঙ্গা ওলিফেরা লিফ এক্সট্রাক্ট ৫০০ মিগ্রা

**উপাদানঃ**
প্রতিটি ক্যাপসুলে রয়েছে মরিঙ্গা ওলিফেরা লিফ এক্সট্রাক্ট ৫০০ মিগ্রা।

**ফার্মাকোলজিঃ**
মরিঙ্গা একটি প্রাকৃতিক পুষ্টিকর সম্পূরক যাতে রয়েছে প্রোটিন, ভিটামিন, মিনারেল ও অপরিহার্য অ্যামিনো অ্যাসিড। এটিতে রয়েছে ৯০ টি নিউট্রিয়েন্টস এবং ৪৬ টি অ্যান্টিঅক্সিডেন্ট। এটি ভিটামিন এ, ভিটামিন বি, ভিটামিন সি, ভিটামিন ই, আয়রন, প্রোটিন, ফাইবার, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, পটাসিয়াম এবং ফসফরাসের একটি চমৎকার উৎস। মরিঙ্গা লিফ এক্সট্রাক্টে রয়েছে বিভিন্ন ধরনের সক্রিয় ফাইটোকেমিক্যাল যেমন কোয়ারসেটিন, আইসোথিওসায়ানেট, কেমফেরল, আরজিনিন, হিস্টিডিন ২ অ্যামিনো অ্যাসিড, নিয়াজিমিনিন, গ্লাইকোসাইডস, অ্যালকালয়েডস, পলিফেনলস, ফেনোলিক অ্যাসিড, কুইনাইন, স্যাপোনিন, ফ্ল্যাভোনয়েডস, ট্যানিন, স্টেরয়েড এবং ফিক্সড অয়েল ইত্যাদি। এটি রক্তাল্পতা, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, উচ্চ কোলেস্টেরল, থাইরয়েড, লিভার এবং কিডনির সমস্যাগুলিকে সংশোধন করে। যারা পুষ্টিহীনতায় ভুগছেন এবং যাদের অতিরিক্ত পুষ্টির প্রয়োজন যেমন অ্যাথলেট, শরীর চর্চাকারী, দুগ্ধদানকারী মা, বেড়ে উঠা শিশু এবং দীর্ঘস্থায়ী অসুস্থদের জন্য মরিঙ্গা ক্যাপসুল কার্যকরী।

**নির্দেশনাঃ**
- অপুষ্টি ও রক্তাল্পতা
- রক্তে শর্করার মাত্রা কমায়
- হাইপারলিপিডেমিয়া কমায়
- ওজন নিয়ন্ত্রণে সাহায্য করে
- শক্তি বৃদ্ধি করে ও শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়

**মাত্রা ও সেবনবিধিঃ**
প্রতিদিন ১টি অথবা ২টি ক্যাপসুল খাবার পর অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**ঔষধের মিথস্ক্রিয়াঃ**
লেভোথাইরক্সিনের সাথে মরিঙ্গা লিফ এক্সট্রাক্ট গ্রহণ করলে লেভোথাইরক্সিনের কার্যকারিতা হ্রাস পেতে পারে।

**প্রতিনির্দেশনাঃ**
নির্দিষ্ট কোন প্রতিনির্দেশনা নেই, কিন্তু যারা এই পণ্যের সক্রিয় উপাদানের প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

**সাবধানতা ও সতর্কতাঃ**
মরিঙ্গা লিফ এক্সট্রাক্ট নিরাপদ যখন ঔষধ হিসাবে গ্রহণ করা হয়। মরিঙ্গা লিফ এক্সট্রাক্ট ৬ মাস পর্যন্ত ব্যবহার করা যায়।

**পার্শ্ব প্রতিক্রিয়াঃ**
মরিঙ্গা লিফ এক্সট্রাক্ট এর কোন পার্শ্ব প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

**গর্ভাবস্থায় ব্যবহারঃ**
মরিঙ্গা লিফ এক্সট্রাক্ট উচ্চ পরিমাণে প্রোটিন, ভিটামিন এবং খনিজ সমৃদ্ধ যা মায়ের স্বাস্থ্যের জন্য সহায়ক এবং শেষ পর্যন্ত শিশুর বিকাশ ও বৃদ্ধিতে অবদান রাখে। দ্বিতীয় বা তৃতীয় ত্রৈমাসিক গর্ভাবস্থায় মুখে খাওয়ার ঔষধ হিসাবে নেওয়া হলে মরিঙ্গা লিফ এক্সট্রাক্ট সম্ভবত নিরাপদ।

**স্তন্যদানকালে ব্যবহারঃ**
মরিঙ্গা লিফ এক্সট্রাক্ট একটি প্রাকৃতিক গ্যালাক্টাগগ উপাদান যা মায়ের বুকের দুধের পরিমাণ ও প্রবাহ বাড়াতে সহায়ক। ইহা ৪ মাস পর্যন্ত বুকের দুধ খাওয়ানোর পাশাপাশি ব্যবহার করা মোটামুটি নিরাপদ।

**শিশুদের ক্ষেত্রে ব্যবহারঃ**
মরিঙ্গা লিফ এক্সট্রাক্ট ২ মাস পর্যন্ত শিশুদের নিরাপত্তার সাথে ব্যবহার করা যায়।

**সংরক্ষণঃ**
আলো থেকে দূরে ৩০°সে. তাপমাত্রার নিচে ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**প্যাকিংঃ**
**মরিঙ্গা এলএক্স ক্যাপসুলঃ** প্রতিটি বাক্সে রয়েছে ৩ x ১০টি ক্যাপসুল এ্যালু এ্যালু ব্লিস্টার প্যাকে।

IBN SINA
প্রস্তুতকারকঃ
দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ (হারবাল বিভাগ)
সফিপুর, কালিয়াকৈর, গাজীপুর, বাংলাদেশ।